একই তারিখ ও স্মারকে সংশোধিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কবিরহাট, নোয়াখালী

নম্বর- ৩৩.০২.৭৫৪৭.৫০১.০০০.২৫.০০০১.২৫- ৭৬ তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৭ মে ২০২৬

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১ এপ্রিল ২০২৫ তারিখে উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব পুদম পুষ্প চাকমা কর্তৃক বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ (সংশোধনী, ২০২৩) এর ১৫(১) ধারা এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনাকালে ৩১/২০২৬ নং মামলার আদেশ মূলে ০৩নং ধানসিঁড়ি ইউনিয়নের নোয়াখালী খালের পূর্ব পাড় সৈয়দ মেম্বারের দোকানের উত্তরে ফারুকের বাড়ির পিছনে (০১নং ওয়ার্ডের ১৭১নং নলুয়া মৌজার খালের পূর্ব পাড়ে নজির আহম্মদ এর বাড়ির পাশে) ৭১,১৪০ ঘনফুট ভিটি বালু জব্দ করা হয়। জব্দকৃত ভিটি বালু জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, নোয়াখালী এর ২২ এপ্রিল ২০২৬ তারিখের ০৫.৪২.৭৫০০.০৩২.৪২.০৭০.২৪-১২৫নং স্মারক মূলে সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। নির্দেশনার প্রেক্ষিতে জব্দকৃত ভিটি বালু যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিম্নবর্ণিত তারিখ, স্থান ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কবিরহাট, নোয়াখালী কর্তৃক গঠিত নিলাম কমিটির উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে।

জব্দকৃত ভিটি বালু বিবরণ

ক্র. নং	জব্দকৃত ভিটি বালুর পরিমাণ	প্রাক্কলিত মোট মূল্য	৩০% হারে পে অর্ডারের পরিমাণ	যেখানে রক্ষিত আছে
১.	▪ দৈর্ঘ্য ১৪৬ ফুট×প্রস্থ ১২৮ ফুট×উচ্চতা ২.৫ ফুট= ৪৬,৭২০ ঘনফুট×৬.৫০/-=৩,০৩,৬৮০/- ▪ দৈর্ঘ্য ১৯৫ ফুট×প্রস্থ ৪৪ফুট×উচ্চতা ২.৫ ফুট= ২১,৪৫০ ঘনফুট × ৬.৫০/-=১,৩৯,৪২৫/- ▪ দৈর্ঘ্য ৩৬ ফুট×প্রস্থ ৩৩ফুট×উচ্চতা ২.৫ ফুট= ২,৯৭০ ঘনফুট ×৬.৫০/-=১৯,৩০৫/- সর্বমোট = ৭১,১৪০ ঘনফুট×৬.৫০/-= ৪,৬২,৪১০/-	৪,৬২,৪১০/- (চার লক্ষ বাষট্টি হাজার চারশত দশ) টাকা	১,৩৮,৭২৩/- (এক লক্ষ আটত্রিশ হাজার সাতশত তেইশ) টাকা	০৩নং ধানসিঁড়ি ইউনিয়নের ০১নং ওয়ার্ডের ১৭১নং নলুয়া মৌজার খালের পূর্ব পাড়ে নজির আহম্মদ এর বাড়ির পাশে সৈয়দ মেম্বারের দোকানের উত্তরে ফারুকের ঘরের পেছনে।

নিলাম ডাকের স্থান ও সময়সূচি

নিলামের স্থান	তারিখ ও বার	সময়
০৩নং ধানসিঁড়ি ইউনিয়নের ০১নং ওয়ার্ডের ১৭১নং নলুয়া মৌজার খালের পূর্ব পাড়ে নজির আহম্মদ এর বাড়ির পাশে সৈয়দ মেম্বারের দোকানের উত্তরে ফারুকের ঘরের পেছনে/নিলামের সুবিধার্থে নির্ধারিত সংলগ্ন/পার্শ্ববর্তী স্থান	২৩ মে ২০২৬ শনিবার	সকাল ১১.০০ ঘটিকা

নিলামের শর্তাবলী:

১. আবেদনকারীকে আবেদনের সাথে ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
২. নিলাম ডাকে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/ব্যবসায়ীগণ অংশ গ্রহণ করতে পারবেন।
৩. নিলাম ডাককারীকে নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জব্দকৃত মালামাল নিজ দায়িত্বে সরেজমিন দেখে নিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৪. নিলাম ডাকে অংশগ্রহণকারীকে প্রাক্কলিত মূল্যের ৩০% অর্থ পে-অর্ডারমূলে উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী এর অনুকূলে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তিনি নিলাম ডাকে অংশগ্রহণ করার যোগ্য মর্মে বিবেচিত হবেন না।
৫. প্রাক্কলিত মূল্যের নিম্নে নয় এবং সর্বোচ্চ ডাককারীর অনুকূলে জব্দকৃত মালামাল বিক্রি করা হবে।

CamScanner

একই তারিখ ও স্মারকে সংশোধিত

৬. পে অর্ডারের ৩০% অর্থ হতে ১০% অর্থ জামানত হিসাবে জমা হবে এবং অবশিষ্ট অর্থ দরদাতার দাখিলকৃত দর/নিলাম মূল্যের সাথে সমন্বয় করা হবে। যার ডাক নিলাম কমিটি কর্তৃক গৃহীত হবে, তাকে পরবর্তী ০১(এক) কার্যদিবসের মধ্যে নিলামে ডাকের সমুদয় অর্থ এবং তার নিলাম ডাক মূল্যের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূল কপি নিলাম কমিটির নিকট জমা প্রদান করতে হবে।
৭. সমুদয় অর্থ (নিলাম মূল্য এবং ভ্যাট ও আয়কর) জমা প্রদানের পর কার্যাদেশ প্রদান করা হবে।
৮. যাকে কার্যাদেশ প্রদান করা হবে, তাকে কার্যাদেশ প্রাপ্তির ০২ (দুই) দিনের মধ্যে ভিটি বালু বুঝে নিতে/ নিজ হেফাজতে নিতে হবে। অন্যথায় ভিটি বালুর কোন ক্ষতিসাধন হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৯. নিলাম ডাকের অর্থ (ভ্যাট ও আয়করসহ) নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে ওবিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. নিলাম প্রদান এবং নিলাম বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষ তথা নিলাম কমিটির গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

17/05/26

সৃজন সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
আহ্বায়ক
জব্দকৃত ভিটি বালু নিলাম কমিটি
কবিরহাট, নোয়াখালী

নম্বর- ৩৩.০২.৭৫৪৭.৫০১.০০০.২৫.০০০১.২৫- ৭৬/22

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৭ মে ২০২৬

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
৪. পুলিশ সুপার, নোয়াখালী
৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী
৭. উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী
৮. অফিসার ইনচার্জ, কবিরহাট থানা, নোয়াখালী [নিলাম স্থানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য নিয়োজিতকরণের জন্য অনুরোধ করা হলো।]
৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কবিরহাট, নোয়াখালী [ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
১০. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কবিরহাট, নোয়াখালী [তাঁর এলাকাধীনবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), কবিরহাট, নোয়াখালী [তাঁর আওতাধীন বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
১২. অফিস কপি

17/05/26

উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
আহ্বায়ক
জব্দকৃত ভিটি বালু নিলাম কমিটি
কবিরহাট, নোয়াখালী

CamScanner